R. N. No. 2532/57 Phone No. 66-228, STD 03483 Regd. No.—WB/MSD—4

**বাসোপোযোগী জায়গা বিক্রী**
রঘুনাথগঞ্জ শহরের ফাঁসিতলা এলাকায় পণ্ডিতের বাগানের বেশ কিছুটা জায়গা প্লট করে বিক্রী করা হচ্ছে। যোগাযোগ করুন—
**সনৎ ব্যানার্জী**
অবসরপ্রাপ্ত পোষ্ট মাষ্টার
রঘুনাথগঞ্জ ফাঁসিতলা
( সি পি এম অফিসের সামনে )

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত **শরৎচন্দ্র পণ্ডিত** ( দাদাঠাকুর )

অবজেকশন ফর্ম, রেশন কার্ডের ফর্ম, পি ট্যাক্সের এবং এম আর ডিলারদের যাবতীয় ফর্ম, ঘরভাড়া রসিদ, খোঁয়াড়ের রসিদ ছাড়াও বহু ধরনের ফরম এখানে পাবেন।
**দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন**
রঘুনাথগঞ্জ :: ফোন নং-৬৬-২২৮

৮১শ বর্ষ
৩৮শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ৯ই ফাল্গুন বুধবার, ১৪০১ সাল।
২২শে ফেব্রুয়ারী, ১৯৯৫ সাল।
নগদ মূল্য : ৭৫ পয়সা
বার্ষিক ৩০ টাকা

## পরিচয়পত্র চালু হলেও সীমান্ত অঞ্চলে চাল ধরাধরি অব্যাহত থাকবে

নিজস্ব সংবাদদাতা : মহকুমার বিভিন্ন অঞ্চলে বিশেষ করে সীমান্ত এলাকায় পুলিশ চাল, চিনি ধরা অব্যাহত রেখেছে। ফলে পাচার কিছুটা বন্ধ থাকায় চালের দাম বৃদ্ধি থমকে আছে। গত ১৪ ফেব্রুয়ারী সাগরদীঘি পুলিশ একটি চাল ভর্তি লরী আটক করে ১৩১ কুইন্টাল ৩৩ কেজি চাল উদ্ধার করেছে। চালক চাল কোথায় যাচ্ছিল তার কোন বৈধ কাগজ দেখাতে পারেননি বলে জানা যায়। ঐ দিনই রঘুনাথগঞ্জের পুলিশ রঘুনাথগঞ্জ ২নং ব্লকের কৃষ্ণশাইল গ্রামের সীমান্ত অঞ্চল থেকে সন্দেহক্রমে ১০ কুইন্টাল চাল ও ৫ কুইন্টাল চিনি আটক করে। এক সাক্ষাৎকারে জঙ্গিপুরের জনৈক পদস্থ পুলিশ অফিসার বলেন ব্যবসাদারদের কাজের সুবিধার জন্য পরিচয় পত্র চালু হলেও সীমান্ত অঞ্চলের আশপাশে মাল নিয়ে ঘোরাঘুরি করতে দেখলেই আমরা আটক করছি। তিনি আরও বলেন এই আটক নিয়ে বি এস এফের সঙ্গে তাঁদের মতবিরোধও দেখা দিচ্ছে। বি এস এফের বক্তব্য সীমান্ত এলাকায় ধরাধরির এক্তিয়ার নাকি একমাত্র তাদেরই। স্থানীয় পুলিশ অবশ্য তা মনে করে না। সীমান্তের (শেষ পৃষ্ঠায় দ্রঃ)

## নতুন আইন বলে উপ-পুরপতি বরখাস্ত

ধুলিয়ান : গত ৯ ফেব্রুয়ারী স্থানীয় পুরসভার পুরপতি তরুণ সেন পুরসভা বিষয়ক সংশোধিত নয়া আইন প্রয়োগে উপ-পুরপতি সফর আলী মহালদারকে বরখাস্ত করে ১০ ফেব্রুয়ারী থেকে সৌদাগর আলীকে ঐ পদে নিয়োগ করে এক নতুন নজীর সৃষ্টি করলেন। পুরপতির এই ধরনের কার্য্যকলাপে শহরে চাঞ্চল্য সৃষ্টি হয়েছে বলে জানা যায়।

## রঘুনাথগঞ্জ-২ পঞ্চায়েত সমিতি কংগ্রেসের দখলে

টুটুন রায়, জঙ্গিপুর : রঘুনাথগঞ্জ-২ পঞ্চায়েত সমিতি কংগ্রেস দখল করল। পঞ্চায়েত সমিতির সভাপতি নির্বাচিত হয়েছেন কংগ্রেসের বিজয়ভূষণ সিংহ রায় ( বিনু )। নতুন পঞ্চায়েত আইনে বিধায়ক ও সাংসদদের ভোটাধিকার তুলে দেবার কারণে কংগ্রেস সংখ্যাগরিষ্ঠ হয়ে পড়ে। সি পি এম এতদিন ক্ষমতায় ছিল টসে জিতে। এখন দলগত-বিন্যাস : কংগ্রেস ১৬, সি পি এম — ১৪। '৯৪-এর ৩১ আগষ্ট কংগ্রেস সভাপতির বিরুদ্ধে অনাস্থা আনলে জয়ী হয়। কিন্তু, আইনের 'ব্যাগড়া' লাগিয়ে সি পি এম ক্ষমতা ছাড়তে চায় না। সি পি এমের একজন সদস্য অনাস্থার নোটিশ গ্রহণ করেন না এবং ঐ কারণ দেখিয়ে 'হাই-কোর্টে' যান। ফলে কংগ্রেস ক্ষমতা ফিরে পায় না। কার্য্যতঃ, হাইকোর্টের আদেশে ক্ষমতাহীন সভাপতি শ্যামল দাস ৪ মাসের জন্য বহাল থাকেন। কিন্তু, টাকা পয়সা খরচ করার ক্ষমতা না থাকায় ২নং ব্লকের কাজকর্ম বন্ধ হয়ে যায়। হাইকোর্টের বিচারপতি এন কে বটব্যালের ঐ রায়ের বিরুদ্ধে কংগ্রেসের ১৬ জন সদস্য আপীল করেন। ডিভিশন বেঞ্চের বিচারপতি ভগবতী ব্যানার্জী গত ২ জানুয়ারী আগের রায়টা বাতিল ( ৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## দুটি পৃথক ঘটনায় বাসের চাকায় পিষ্ট হয়ে দুই সিপাই নিহত

সাগরদীঘি : গত ১৮ ফেব্রুয়ারী রাতে এই থানার বোখারা ব্রীজের উপর চলন্ত বাসে পিষ্ট হয়ে নলহাটী কাষ্টমস্ এর এক সিপাই মহঃ সামসুল হক ঘটনাস্থলে মারা যান। তাঁর মাথাটি বাসের চাকার তলায় গুঁড়িয়ে যায়। খবর, নলহাটি কাষ্টমসের একটি ৭ জনের টিম বোখারা ব্রীজের উপর একটি লরিকে থামিয়ে যখন তল্লাসী চালাচ্ছিল, ( শেষ পৃঃ দ্রষ্টব্য )

## গনকরের মেয়ের অসাধারণ সাফল্য

নিজস্ব সংবাদদাতা : গনকরের এক গরীব ঘরের মেয়ে মঞ্জুরী ভাস্কর পেটের দায়ে নৈহাটির এক ভদ্র গৃহস্থের বাড়ীতে ছোট ছোট ছেলেমেয়েদের দেখাশুনার কাজ নেন। নিকটবর্তী এক ক্লাবে ছেলেমেয়েদের নিয়ে যেতে যেতে তাঁরও ঝোঁক চাপে 'পাওয়ার লিফটিং'এ। সম্প্রতি মঞ্জুরী পাওয়ার লিফটিং কম্পিটিশনে যোগ দিয়ে নর্থ চব্বিশ পরগণাতে জেলার প্রথম স্থান অধিকার করেন। তিনি সেই সুবাদে রাজ্য প্রতিযোগিতায় অংশ গ্রহণের অনুমতিও পেয়েছেন। মঞ্জুরীর এই প্রতিষ্ঠা রঘুনাথগঞ্জ থানা এলাকার মানুষ হিসাবে আমরা গর্বিত এবং তাঁর আরও উন্নতি কামনা করছি।

## কুখ্যাত ববি সিং গণপ্রহারে নিহত

ধুলিয়ান : গত ২০ ফেব্রুয়ারী স্থানীয় ডাক-বাংলোর এক জুতোর দোকানে বেলা ৪টার সময় তারাপুর কলোনীর কুখ্যাত মস্তান ববি সিং (২৫) খোলা পিস্তল হাতে ঢুকে পড়ে টাকা পয়সা দাবী করে। দোকানের কর্মীদের চিৎকারে আশপাশ থেকে প্রচুর মানুষ জড়ো হয়ে ববি সিংকে ধরে ফেলে ( শেষ পৃঃ দ্রঃ)

**বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,**
**দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?**
**শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার**
**মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।**
**সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।**
**ফোন : আর জি জি ৬৬২০৫**

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৯ই ফাল্গুন বুধবার, ১৪০১ সাল

## চালবাজি

'বাজি'-যোগে নানার্থক উপভোগ্য শব্দ গঠিত হইতে পারে। ধাপ্পাবাজি, ফেরেব্বা-বাজি, মামদোবাজি প্রভৃতি বিভিন্ন শব্দ চলিত বাংলায় পাওয়া যায়। নিবন্ধের শিরোনামটির প্রকৃত অর্থ ধাপ্পাবাজি হইতে পারে।

আমাদের পত্রিকার গত সংখ্যায় প্রকাশিত চাউলসংক্রান্ত একটি প্রতিবেদনকে কেন্দ্র করিয়া উপরিলিখিত শিরোনাম। অর্থাৎ চাউলকে ভিত্তি করিয়া যে ধাপ্পাবাজি করা হইতেছে, তাহাই এখনকার আলোচ্য বিষয়।

চাউল আমাদের প্রাণধারণের প্রধান উপকরণ। মুখের আহার লইয়া বে-আইনী-ভাবে এই চাউল অন্যত্র প্রেরিত হইতেছে। অন্যত্র অর্থে পশ্চিমবঙ্গের লাগোয়া রাষ্ট্র বাংলাদেশ।

চোরাপথে নানা পণ্যসামগ্রী বাংলাদেশে যাইতেছে। চিনি, লবণ, কেরোসিন, গো-মহিষাদি আকছার সীমান্ত অঞ্চল দিয়া সেখানে পাঠান হইতেছে। এই সুবাদে বহু বড় ব্যবসায়ী উক্ত চালানকর্মে নিযুক্ত থাকিয়া 'টু-পাইস'-এর ব্যবস্থা রমরমাভাবে করিতেছে। চাউল লইয়া এ হেন ব্যবসায় বেশ জাঁকিয়া বসিয়াছে।

প্রতিবেদনে প্রকাশ, চাউলের ক্ষুদ্র ব্যবসায়ীরা বৈধ লাইসেন্স-এর জোরে তাহাদের ব্যবসায় চালাইয়া থাকেন। তাঁহারা লাই-সেন্স-এর জেরক্স কপি সঙ্গে রাখেন যেহেতু অরিজিন্যাল লাইসেন্স হারাইতে বা বিনষ্ট হইতে পারে। ইহা অবশ্যই দূষণীয় নহে। কিন্তু এইখানেই এক রহস্য চলিতেছে। একই লাইসেন্সের একাধিক জেরক্স কপি লইয়া একাধিক জন চাউল কিনিয়া পাচার কার্যে লিপ্ত থাকিতেছে। স্থানীয় মিয়াপুর বাজার চাউল আমদানী ও বিক্রয়ের একমাত্র জমজমাট কর্মব্যস্ত কেন্দ্র। সেখান হইতে চাউল অবৈধ-ভাবে নানা কারসাজির মধ্য দিয়া বাংলাদেশে পাড়ি জমাইতেছে। ফলতঃ জঙ্গিপুর, সম্মতি-নগর, তেঘরী প্রভৃতি স্থানে 'গণেশজী'র একনিষ্ঠ উপাসকসংখ্যা বৃদ্ধি পাইতেছে।

কিন্তু সমস্যার নাকি সৃষ্টি করিয়াছেন এখানকার নবাগত থানা অফিসার। ব্যাপক হারে চাউল ধরাধরি হইতেছে বলিয়া লাই-সেন্সপ্রাপ্ত খুচরা ব্যবসায়ীরা প্রমাদ গণিতে-ছেন। বীরভূম অঞ্চল হইতে আমদানী কমি-য়াছে বলিয়া খবর ; ক্ষুদ্র ব্যবসায়ীরা চাউল ক্রয় কমাইয়া দিয়াছেন। ইহার ফলে ধানের মরশুমে চাউলের দর নামিতেছে না। পুলিশ ও পাইকারী চাউল ব্যবসায়ীদের মধ্যে একটা টানাটানির লড়াই যেন চলিতেছে। অবশ্য ইহা ঠিক যে, পুলিশের সীজকৃত চাউল ফেরৎ পাইতে দেরী হইতেছে। আর তৎসঙ্গে ইহাও বিস্ময়কর যে, যে অঞ্চলে হিসাবমাফিক চাউলের অপেক্ষা অনেক বেশী চাউল আমদানী করা হইতেছে, তাহা সেখান হইতে কোথায় যে যাইতেছে, সহজেই অনুমান করা যায়। পুলিশের তৎপরতা না থাকিলে চাউলের দর স্থানীয় বাজারে আরও অগ্নিমুখী হইত।

সুখের কথা যে, চোরা চালান বন্ধের জন্য ক্ষুদ্র ব্যবসায়ীকে চাউল ক্রয় ও বহনের ক্ষমতার পরিচয় পত্র পুর প্রশাসন এবং পঞ্চায়েত সমিতি হইতে দেওয়া হইবে। প্রত্যেক ব্যবসায়ীর ছবি অনুমতি পত্রে থাকিবে। এই ভাবে যদি চাউলের চোরা-চালান রোধ করা যায়, তবে সাধারণ মানুষ দু-মুঠা খাইতে পারিবেন। নচেৎ রাঘব-বোয়ালদের চালবাজিতে চাউল দুর্মূল্য হইবে। বাংলাদেশে চোরাপথে গরু পাচারের ফলে আমরা দিন দিন 'গো-হারা' হইতেছি। এখন চালের 'চাল' দেখিবার অপেক্ষায়।

## চিঠি-পত্র

( মতামত পত্র লেখকের নিজস্ব )

### অসফল প্রেমিক আত্মঘাতী প্রসঙ্গে

আপনার প্রকাশিত গত ইং ১৫-২-৯৫ এর পত্রিকায় উক্ত সংবাদটি পড়লাম। শেষ লাইনে দেখা গেল সন্ধ্যা পাত্র আমার বিরুদ্ধে অভিযোগ এনেছেন চুল কাটার হুকুম দেবার। এ অভিযোগ ও তথাকথিত 'গণ আদালত' এর কথা, মারধোর সমস্ত মিথ্যা উদ্দেশ্য প্রণোদিত এবং বিরাট রাজনৈতিক চক্রের খেলা ছাড়া কিছু নয়। তাদের আনা মিথ্যা মামলায় আমাকে ও গ্রামের অনেক নির্দোষ গরীবকে জামিন নিতে হয়েছে। আমার অপরাধ হোলো আমি ভারতীয় জনতা পার্টির টিকিটে ঐ গরীব গ্রাম হতে পঞ্চায়েত সদস্যা নির্বাচিত হবার পর অঞ্চলের নানা দুর্নীতির বিষয়ে সোচ্চার হই। প্রধান স্বপন পাল প্রথমে পঞ্চায়েতে ৪০ হাজার টাকার কোনও হিসেব দেন না। আমরা এস ডি ওকে ও সভাপতিকে লিখিত জানাই। তাঁরা একবার এসে বিষয়টী 'মিটিয়ে নিতে' প্রধানকে পরামর্শ দিয়ে চলে যান। আমাদের গ্রামে রেশন ডিলার দেবার কথা হলে রাতারাতি পেটোয়া এক ব্যক্তিকে তা দেবার ব্যবস্থা হয়। সরকারী নিয়মনীতি না মানায় আমরা যথাস্থানে প্রতিবাদ করলে তা ফলপ্রাপ্ত হয় না। পানীয় জলের ব্যাপারে প্রচুর টাকা আসা সত্ত্বেও প্রাথমিক বিদ্যালয়ের টিউবয়েলটি বছর খানেক ধরে খারাপ হয়ে থাকলেও সাড়ানো হয় না। গ্রামের মুসলমান পাড়ার টিউবয়েলেরও সেই দশা। আমরা নাকি মুসলমান বিদ্বেষী। প্রধানের দলতো অসাম্প্রদায়িক। তাঁর এ আচরণ—দল বরদাস্ত করছেন কি করে? গত ৯৩-৯৪ এ টাকা এসেছে ৩,১৬,১৭০,০০ টাকা, পরের বছর ৩,২৭,০০০ এর কিছু বেশী। অঞ্চলে কাজ কিছুই হয়নি। এ সব নিয়ে আমি এবং কংগ্রেসের সদস্যরা বহুবার এস ডি ও এবং বি ডি ওকে লিখিত জানিয়েছি। এই রাগেই নানা ষড়যন্ত্রের অন্যতম ঐ মামলা বলেই আমি মনে করছি। আশা করবো আপনার পত্রিকায় আমার প্রতিবেদনটি প্রকাশ করে বাধিত করবেন। নমস্কারসহ—আশালতা সিংহ, গোপালনগর।

### যুগাচার্য্য প্রণবানন্দের শুভ জন্মতিথি উদযাপন

রঘুনাথগঞ্জ : গত ১৫ ফেব্রুয়ারী স্থানীয় মহাশ্মশান সংলগ্ন ভারত সেবাশ্রম সংঘের হিন্দু মিলন মন্দিরে (পূর্বের স্বরূপানন্দ আশ্রম) সংঘের প্রতিষ্ঠাতা প্রণবানন্দের শুভ জন্মতিথি মাঘী পূর্ণিমায় উদ্‌যাপিত হয়। ভোগরাগ, আরতি, ভজনকীর্তনের মাধ্যমে তিথি পূজা অনুষ্ঠিত হয়। প্রণবানন্দের দর্শনধন্য অমরেন্দ্র সিংহ এবং রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ের অবসর প্রাপ্ত শিক্ষক মৃগাঙ্কশেখর চক্রবর্তী স্বামীজীর স্মৃতিচারণ ও ভারত সেবাশ্রম সংঘের কর্মধারা আলোচনা করেন। সন্ধ্যালগ্নে প্রণবানন্দের জন্ম শতবর্ষের স্মরণে একশ প্রদীপ জ্বালিয়ে, একশ শঙ্খধ্বনির মাধ্যমে একশোটি মালা প্রতিকৃতিতে দেওয়া হয়। বহু বিশিষ্ট ব্যক্তি এই অনুষ্ঠানে যোগদান করেন। জানা যায় জেলার অন্যান্য হিন্দু মিলন মন্দিরেও স্বামীজীর জন্ম শতবর্ষ বিপুল উৎসাহে পালিত হয়।

### শাহ কালু একরামুদ্দিন ( রাঃ ) এর ঔরষ

রঘুনাথগঞ্জ : গত ৮ ফেব্রুয়ারী এই থানার কানুপুর গ্রামে শাহ কালু একরামুদ্দিন ( রাঃ ) এর ঔরষ উদ্‌যাপিত হয়। রমজানের এক-তারের পর দরুদ শরীফ পাঠ করে অনুষ্ঠানের সূচনা হয়। সাইদাপুর জামেয়া রাজ্জাকিয়া কালিমিয়া মোজাও ওয়াজা আরবি ইউনিভার-সিটির প্রধান পবিত্র রমজামের মাসে এই ঔরষ মোবারক অনুষ্ঠিত হওয়ায় আল্লার কাছে শুকরিয়া করেন। সারা রাত ধরে এই উৎসব চলে।

### গুলিসহ পাইপগান উদ্ধার

ফরাক্কা : গত ২০ ফেব্রুয়ারী সন্ধ্যে সাতটা নাগাদ বল্লালপুরে জোড়পুকুরিয়া গ্রামের লিয়াকত সেখকে পুলিশ গ্রেপ্তার করে। তার কাছ থেকে একটি বেআইনী পাইপগান ও গুলি উদ্ধার করা হয়।

### এক্সপ্লোরেশন ইনস্টিটিউটের এক্সপিডিশন গঙ্গা—১৯৯৫

বহরমপুর ঃ স্থানীয় ইনষ্টিটিউট অব এক্সপ্লোরেশন গঙ্গা বক্ষে ১৯০ কিমি পথ অতিক্রম করেন এক্সপিডিশন গঙ্গা—১৯৯৫ কর্মসূচীর অঙ্গ হিসাবে। দেবাশিস্ ভট্টাচার্যের নেতৃত্বে এক মহিলা সদস্যাসহ মোট ১৪ জন এই এক্সপিডিশনে অংশগ্রহণ করেন। তিনটি ছোট নৌকায় ৫ ফেব্রুয়ারী থেকে ৫ দিন তাঁরা ঐ বিশাল জলপথ পরিভ্রমণ করে গত ১০ ফেব্রুয়ারী কৃষ্ণনাথ কলেজ ঘাটে এসে পৌঁছান। ৯ ফেব্রুয়ারী রাতে অভিযাত্রীরা জিয়াগঞ্জে কলকাতাস্থ মূল কেন্দ্রের ২৫তম প্রতিষ্ঠা দিবস পালন করেন। ৫ ফেব্রুয়ারী সূচনা দিবসে সংস্থার সভাপতি জেলা শাসক সঞ্জীব চোপড়া দলনেতার হাতে সংস্থার পতাকা তুলে দিয়ে জলযাত্রার সূচনা ঘোষণা করেন।

### রাজ্য সরকারের পেনসনারদের সম্মেলন

রঘুনাথগঞ্জ ঃ গত ১৯ ফেব্রুয়ারী স্থানীয় পুরসভার সুপার মার্কেটে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারী কর্মচারী পেনসনার্স সমিতির ৬ষ্ঠ তম মহকুমা সম্মেলন অনুষ্ঠিত হয়।

### ট্রাক আটক করে ষাট কুইন্টাল চিনি উদ্ধার

ধুলিয়ান ঃ গত ১৪ ফেব্রুয়ারী সমসেরগঞ্জ ব্লকের চাঁদপুর ব্রীজের কাছে ডাব্লু বি-৬৫/০১২১ নং একটি লরী আটক করে বহরমপুর এনফোর্সমেন্টের কর্মীরা। লরীতে ৬০ কুইঃ চিনি ছিল এবং তার কোন বৈধ কাগজপত্র ছিল না। ঐ চিনি বাংলাদেশে পাচার হচ্ছিল বলে সন্দেহ। ট্রাক ও ড্রাইভারকে সমসেরগঞ্জ থানার হাতে তুলে দেওয়া হয়।

### মৎস্যজীবীদের কনভেনশন

ধুলিয়ান ঃ গত ১২ ফেব্রুয়ারী স্থানীয় গঙ্গা সংলগ্ন আড়তে ধুলিয়ান মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর কনভেনশন অনুষ্ঠিত হয়। প্রায় ৩৫০ জন কনভেনশনে যোগ দেন। কনভেনশন পরিচালনা করেন ও বক্তব্য রাখেন জেলা সমাজবাদী দলের মহঃ নাজিমুদ্দিন সরকার, স্থানীয় সিপিএমের অন্যতম সংগঠক ও শ্রমিক নেতা সুজিত মুন্সী ও স্থানীয় সমাজবাদী দলের নেতা ও সম্পাদক হান্নান খাঁন প্রমুখ।

### ন্যাশানাল ট্যালেন্ট প্রতিযোগিতায় সাতজনই নবভারত স্পোর্টিং এর

গনকর ঃ ন্যাশানাল ট্যালেন্ট প্রতিযোগিতায় রাজ্য স্তরের জন্য জেলায় যে ১৭ জন মনোনীত হয়েছেন তাঁদের মধ্যে ৭ জনই নবভারত স্পোর্টিং ক্লাবের। এঁদের মধ্যে ৪ জন তরুণ ও ৩ জন তরুণী। কলকাতার সল্ট লেক ষ্টেডিয়ামে রাজ্যের সব জেলার মনোনীতদের মধ্যে রাজ্য প্রতিনিধি বাছাই হবে ২১ ফেব্রুঃ।

---

সম্মেলনে প্রায় ৮০ জন সদস্য অংশ গ্রহণ করেন। প্রতিনিধিদের উপস্থিতিতে ৯৫ সালের জন্য একটি কর্ম পরিচালন কমিটি গঠিত হয়। এই কমিটিতে হিমাংশু দাসকে সভাপতি ও প্রভাত দাসকে সম্পাদক নির্বাচিত করা হয়।

**কংগ্রেসের দখলে** ( ১ম পৃষ্ঠার পর )

করে দেন। কাজেই ২ জানুয়ারীর পরে সি পি এমের সভাপতির পঞ্চায়েত আইন অনুসারে কাজ করার কোন অধিকার থাকে না। প্রশাসনকে সময় মত জানানো সত্ত্বেও দীর্ঘদিন ব্যবস্থা না নিয়ে শেষ পর্যন্ত ২৫ জানুঃ পুরনো সভাপতিকে পদ থেকে অপসারণ করেছেন। কংগ্রেসের অভিযোগ ছিল, তার পরেও (২—২৫ জানুয়ারী) নতুন সভাপতি নির্বাচনে অযথা দেরী হয়েছে। পরে জেলা শাসক সঞ্জীব চোপরার নির্দেশমত প্রশাসন নির্বাচনের নোটিশ দেন গত ১৫ ফেব্রুয়ারী। সি পি এমের এক সদস্য আবার আইনী ব্যাগড়া লাগানোর জন্য নির্বাচনের নোটিশ নিতে অস্বীকার করেন। ঐ সদস্যের কাছে রেজিষ্ট্রী ডাকে নোটিশ পাঠানো হয়। গত ১৫ ফেব্রুয়ারী প্রশাসনের কড়া ব্যবস্থায় নির্বাচন হয়। প্রকাশ্য ভোটে ( ১৬—১৪ ) কংগ্রেসের সভাপতি নির্বাচিত হন বিজয়ভূষণ সিংহরায়। সি পি এমের পক্ষে হাইকোর্টের একটি কাগজ দেখালে কার্যকর নয় মনে করে ভারপ্রাপ্ত নির্বাচনী অফিসার তা বাতিল করে দেন। কংগ্রেস, সি পি এম সহ সভাপতি আমজাদ হোসেনের বিরুদ্ধে আবার অনাস্থা আনছেন আগামী ২৮ ফেব্রুয়ারী বলে জানা গেল। সি পি এম আবার কোর্ট-কাছারির ব্যাগড়া লাগাতে হাইকোর্ট ছুটছে বলে খবর। কংগ্রেস নেতৃত্বের গুরুতর অভিযোগ কোর্টের নির্দেশে ৫০ হাজার টাকার উপর ব্যয় করার নির্দেশ না থাকলেও তার থেকে অনেক বেশি টাকা (আনুমানিক কয়েক লক্ষ) বে-আইনীভাবে অপসারিত সভাপতি খরচ করেছেন।

---

Government of West Bengal

**Land and Land Reforms Department**

**Land Reforms Branch**

## NOTIFICATION

No. 10-L. Ref. Dated, Calcutta, the 4th January, 1995.

The following draft of amendments which the Governor, in exercise of the power conferred by section 59 of the West Bengal Estates Acquisition Act, 1953 (West Ben. Act I of 1954), proposes to make in the West Bengal Estates Acquisition Rules, 1954, as subsequently amended ( hereinafter referred to as the said rules), is hereby published, as required by sub-section (I) of the said section, for the information of persons likely to be affected thereby.

The draft will be taken into consideration on or after the 20th day of February, 1995, and any objection or suggestion with respect thereto which may be received by the undersigned before that date shall be considered.

**Draft Amendments**

In the second proviso to paragraph (5) of Schedule A appended to the said reles :-

(i) after the words "if the amount of compensation involved", insert the words "in respect of the share of each such heir" ;

(ii) In clause (a), for the letters and figures "Rs. 500",
substitute the letters and figures "Rs. 5,000" ;

(iii) in clause (c), for the words, letters and figures "exceeds Rs. 500, but does not exceed Rs. 5,000", substitute the words letters and figures "exceeds Rs. 5,000 but does not exceed Rs. 20,000" ;

(iv) in clause (d), for the letters and figures "Rs. 5,000",
substitute the letters and figures "Rs. 20,000"

By order of the Governor,
Sd/- **S. C. Pahari**
Dy. Secy. to the Govt. of West Bengal

### ইয়ুথ এ্যাওয়ার্ড পেলেন ক্লাব সদস্য

মির্জাপুর : স্থানীয় নবভারত স্পোর্টিং ক্লাবের সদস্য তমাল দাসকে ভারত সরকারের পক্ষ থেকে ১৯৯৫ সালের মহকুমার শ্রেষ্ঠ যুব সংগঠক হিসাবে ইয়ুথ এ্যাওয়ার্ড দেওয়া হল। মুর্শিদাবাদ জেলা নেহরু যুব-কেন্দ্র শ্রীদাসকে এই পুরস্কার ভারত সরকারের পক্ষে প্রদান করলেন।

### সীমান্ত অঞ্চলে চাল ধরাধরি ( ১ম পৃষ্ঠার পর )

ভিতরেই হোক বা বাইরেই হোক সন্দেহজনক ব্যক্তিকে বা মালপত্র আটক করার আইনী অধিকার পুলিশের আছে। সীমান্ত পুলিশ বা পুলিশের মধ্যে গোলমাল যায় হোক, তবু পুলিশের এই তৎপরতায় চোরা চালান কিছুটা বন্ধ হয়েছে এবং চালের মূল্য বৃদ্ধি বেশ কিছুদিন ধরে থেমে আছে। পঞ্চায়েত সমিতি বা পুরসভা ছোট ছোট ব্যবসা-দারকে ও বড় গৃহস্থদের, যাতে কোন রকম পুলিশী হেনস্থা সহ্য করতে না হয়, তার জন্য প্রতি পরিচয় পত্র প্রাপককে সপ্তাহে দু'কুইন্টাল চাল কিনে যাতায়াতের অনুমতি দিয়েছেন। কিন্তু মাঝারী চাল ব্যবসায়ীর অভিযোগ এই পরিচয় পত্রেরও বে-আইনী ব্যবহার করা হচ্ছে। বড় বড় ব্যবসায়ীরা এঁদের চাল বিক্রি করছেন কোন মেমো না দিয়েই। ফলে এঁরা প্রতিদিন এমন কি প্রতিদিন কয়েক দফায় দু'কুইন্টাল করে চাল কিনে চালানকারীদের কাছে গোপন আস্তানায় বিক্রি করে দিচ্ছেন বেশী দামে। যা আটকাবার কোন আইনগত ব্যবস্থা করা সম্ভব হচ্ছে না। পরিচয় পত্রে যদি রেশন কার্ডের মত চাল বিক্রির কথা লিখে দেওয়ার ব্যবস্থা থাকে এবং তা না দেখাতে পারলে সে চাল আটক করার অধিকার পুলিশকে দেওয়া হয় তা হলে এই অপব্যবহার রোধ হতে পারে। আমাদের সাগরদীঘির সংবাদ প্রতিনিধি জানান ঐ থানার মনিগ্রাম ডাক্তারখানা বাসষ্ট্যাণ্ড ও ছামুগ্রাম ষষ্ঠীতলা বাসষ্ট্যাণ্ডের রাস্তায় প্রতিদিন প্রচুর চাল ও গরু যেতে দেখা যায়। বর্দ্ধমান ও বীরভূম থেকে লরী ভর্তি হয়ে ঐ সব চাল এসে সাইকেল ভর্তি হয়ে চাঁদপাড়া, গাদি রাস্তা দিয়ে কুলগাছি ঘাটে নদী পার হয়ে বাংলাদেশে চালান যাচ্ছে। অন্য দিকে কাবিল-পুর দিয়ে রাজারামপুর হয়ে লালগোলা যাচ্ছে। তিনি আরও জানান লালগোলার কোন এক বিশাল আমবাগানে নাকি ঐ সব চাল নিয়ে গিয়ে জমা দেয়। সেখানে ওজন না করেই বস্তা পিছু দাম ধরে নিকটবর্তী কয়েকটি আস্তানা থেকে ক্যাশ টাকা দেবার ব্যবস্থা করা আছে। অর্থাৎ এক বৃহৎ চক্র এই চোরাচালান ব্যবস্থার সঙ্গে যুক্ত র'য়েছে। তারাই বি এস এফ ও পুলিশের হাঙ্গামা সামাল দেয়। ব্যাপারীরা শুধু কোন রকমে মাল নিয়ে তাদের ওই আস্তানায় পৌঁছে দিতে পারলেই নগদ টাকা নির্ভাবনায় হাতে পেয়ে যান।

### গণপ্রহারে নিহত ( ১ম পৃষ্ঠার পর )

এবং গণ পিটুনি শুরু করে। আহত ববি সিংকে সামসেরগঞ্জ থানায় নিয়ে আসা হলে আশংকাজনক অবস্থায় হাসপাতালে পাঠানো হয়। হাসপাতালের পথেই ববির মৃত্যু হয়। ববি সিং বেশ কিছুদিন ধরে বিভিন্ন ডাকাতি ও ছিনতাই এর সঙ্গে জড়িত ছিল বলে স্থানীয় মানুষের অভিযোগ।

**জায়গা বিক্রী**

রঘুনাথগঞ্জ শহরের পুরাতন মরাকাটা ঘরের অতি নিকটেই একটি জায়গা ( তিন দিকে রাস্তা ) বিক্রী হচ্ছে—

যোগাযোগ করুন—শ্রীসনৎ ব্যানার্জী, অবসরপ্রাপ্ত পোষ্ট মাষ্টার
( সি পি এম অফিসের সামনে )
রঘুনাথগঞ্জ ফাঁসিতলা

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন হইতে অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

### বলাকা নাট্যগোষ্ঠীর বার্ষিক উৎসব

সৌমিত্র সিংহ রায় : রঘুনাথগঞ্জের 'বলাকা' নাট্যগোষ্ঠীর বার্ষিক উৎসব হয়ে গেল স্থানীয় রবীন্দ্র ভবনে গত ১৫-১৬ ফেব্রুয়ারী। প্রথম সন্ধ্যায় সঙ্গীতানুষ্ঠানে প্রখ্যাত গণসঙ্গীত-শিল্পী অলোক সান্যাল গান শোনান। সামান্য বৃষ্টির কারণে দর্শক খুব কম ছিল। ফলে শিল্পীরা পুরো পারফরমেন্স ( দক্ষতা ) দেখাতে উৎসাহ পাননি তার মধ্যেও শিবাজী পাল ( সিউড়ী ) উচ্চাঙ্গ সঙ্গীত পরিবেশন করে শ্রোতাদের মুগ্ধ করেন। বাবুন চক্রবর্তী (সিউড়ী) আবৃত্তি শোনান। তরুণী কাজরী ভাদো ( কল্যাণী ) নজরুল সঙ্গীত পরিবেশন করেন। তরুণ ভট্টাচার্য ( কল্যাণী ), মদন রায়, অঞ্জনা ব্যানার্জী সঙ্গীত পরিবেশন করেন।

১৬ ফেব্রুয়ারী সন্ধ্যায় 'সিসিফাস' পুনরাভিনয় হয়। তৃতীয় নিবেদনে দলগত অভিনয়ে বেশ উন্নতি দেখা গেছে। এবারে আবহসঙ্গীত, আলো এবং মঞ্চসজ্জা সুন্দর হয়েছে। 'চোলি সংস্কৃতির' পাল্টা সুস্থ সংস্কৃতির চর্চায় 'বলাকা' ভাল নতুন নাটক করুক, নিষ্ঠা এবং প্রত্যয়ে আরো শক্তিশালী হয়ে উঠুক—আশায় রইলাম। নির্দেশক অভীক সান্যাল, সকল কলাকুশলী এবং শুভাকাঙ্ক্ষীদের হৃদয়ের উষ্ণ অভিনন্দন রইল।

### দুই সিপাই নিহত ( ১ম পৃষ্ঠার পর )

সেই সময় একটি চলন্ত যাত্রীবাহী বাস পথের উপর দাঁড়িয়ে থাকা সামসুল হককে ধাক্কা দিয়ে ফেলে মাথার উপর দিয়ে চলে যায়। সামসুল হক ঘটনাস্থলেই মারা যান ও অপর এক সিপাইও গুরুতর জখম হন। বাসটা কিছুটা দূরে নিয়ে এসে ( নং ডাবলু বি ৭৩১১৬৬) দাঁড় করিয়ে চালক ও খালাসী পালিয়ে যান। কয়েকজন বাসযাত্রী সাগরদীঘি থানায় খবর দিলে পুলিশ বাসটিকে থানায় নিয়ে আসে।

ফরাক্কা : গত ২১ ফেব্রুয়ারী বেলা ৩—৩০ মিঃ নাগাদ এই থানার আঁকুরা ব্রীজে বাগমারী সাইফনে কর্মরত সি আই এস এফের জনৈক সিপাই সাবরজিৎ সিং (২৩) চলন্ত বাস চাপা পড়ে ঘটনাস্থলে মারা যান। খবর সাবরজিৎ কর্মরত অবস্থায় রাস্তার ধারে অবস্থানকালীন নর্থ বেঙ্গল ষ্টেট ট্রান্সপোর্টের রায়গঞ্জ—কলকাতা গামী যাত্রীবাহী বাস ( নং ডাবলু বি ৬৩০২৪১) চলন্ত অবস্থায় তাঁকে চাপা দিলে তিনি ঘটনাস্থলেই মারা যান।

**সৌন্দর্য, বৈচিত্র ও শিল্প সৌকর্যে অনন্য**

তাঁতের কাপড় এবং হস্তশিল্প সামগ্রী তৈরী করার সুপ্রাচীন ঐতিহ্য আজও বাংলার ঘরে ঘরে বিদ্যমান। এগুলি সৌন্দর্য, বৈচিত্র্য, বর্ণসুষমা ও শৈল্পিক সৌকর্যে অনন্য। আধুনিকতার ধাক্কায় হারিয়ে তো যায়ইনি বরং নূতন ডিজাইন ও রংয়ের সমন্বয়ে অতি আধুনিকতারও নজর কেড়েছে।

বাংলার তাঁতের কাপড় হস্তশিল্পজাত সামগ্রী ও চামড়ার তৈরী জিনিস কিনুন। বাংলার সামগ্রীতেই ঘর সাজান ও নিজেকে সাজিয়ে তুলুন।

তাঁতের কাপড়ের জন্য 'তন্তুজ' অথবা 'তন্তুশ্রী' হস্তশিল্প সামগ্রীর জন্য 'মঞ্জুষা' এবং 'গ্রামীণ' ও চর্মজাত সামগ্রীর জন্য 'চর্মজ' আপনাকে আহ্বান জানাচ্ছে

পশ্চিমবঙ্গ সরকার